গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড এর কার্যালয়
গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট
(বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট)
বাড়ী নং-০৪, রোড নং-২১, সেক্টর নং-০৪, উত্তরা, ঢাকা
ফোনঃ +৮৮-০২-৮৯৩২১৩৫
ইমেইলঃ md.dbrtc@gmail.com

স্মারক নং-৩৫.আরএইচডি.০০০০.বিআরটি(এমডি).১৪.০০৩.২০১৩-১১০

তারিখঃ ১১ ডিসেম্বর ২০১৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) একটি শতভাগ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান। গাজীপুর হতে হযরত শাহ্ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর পর্যন্ত ২০.৫ কি.মি.পথে আধুনিক বাস সার্ভিস সুষ্ঠুভাবে পরিচালনার মাধ্যমে যানজটমুক্ত, নিরাপদ ও সময় সাশ্রয়ী উন্নত যাত্রী সেবা প্রদানই ঢাকা বিআরটির মূল লক্ষ্য। উক্ত লক্ষ্য পূরণের উদ্দেশ্যে যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে নিম্নবর্ণিত সুবিধাদি ও শর্তানুসারে **কোম্পানী সচিব** পদটি পূরণের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম ও বেতন | পদ সংখ্যা | সর্বোচ্চ বয়স | পদের কর্মপরিধি | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | **কোম্পানী সচিব**<br><br>মূল বেতন<br>১০৫,০০০/- | ০১ | ৫০ বৎসর | প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকের তত্ত্বাবধানে পরিচালনা পর্ষদের সচিব হিসেবে কাজ করা। ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালনা পর্ষদকে আইনগত বিষয়ে পরামর্শ প্রদান, বোর্ড সভা সংক্রান্ত কার্যক্রম, বিভিন্ন প্রতিবেদন প্রস্তুতকরণ, কোম্পানীর শেয়ার হোল্ডারগণের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন, বিভিন্ন রেজিস্ট্রার রক্ষণাবেক্ষণ, গুরুত্বপূর্ণ দলিল ও চুক্তি সংরক্ষণসহ কোম্পানীর অন্যান্য দায়িত্ব পালন করা। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা ম্যানেজমেন্ট/ বিজনেস এডমিনিস্ট্রেশন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি আবশ্যক; কোয়ালিফাইড চার্টার্ড সেক্রেটারী ডিগ্রিধারী প্রার্থী অগ্রগণ্য।<br><br>এসএসসি/ এইচএসসি বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ২.০০; অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ ৪ এবং ৫ পয়েন্ট স্কেলে যথাক্রমে সর্বনিম্ন সিজিপিএ ২.৫ ও ৩.৫।<br><br>শিক্ষা জীবনে কোনো তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণযোগ্য নয়। | ন্যূনতম ১২ বৎসরের কাজের অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানের সক্ষমতা আবশ্যক। |

**অন্যান্য শর্তাবলীঃ**

১. নিয়োগ বিজ্ঞপ্তি www.rthd.gov.bd, dtca.portal.gov.bd, rhd.portal.gov.bd ও dhakabrt.webappline.com ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. ঢাকা বিআরটি কোম্পানীর "কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯" অনুযায়ী বার্ষিক বেতন বৃদ্ধি, বাসা ভাড়া, উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, চিকিৎসা ভাতা, যৌথ বীমা, গাড়ি সুবিধা, টেলিফোন ভাতা, ভবিষ্য তহবিল, গ্র্যাচুইটি, পেনশন, অবসরকালীন ছুটি ইত্যাদিসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। আয়কর সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩. আবেদনের সাথে প্রার্থীগণকে ক) জীবন-বৃত্তান্ত; খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ; গ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি; ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ; ঙ) নাগরিকত্ব সনদ; চ) চারিত্রিক সনদ (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত) - এর এক কপি সত্যায়িত ছায়ালিপি (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে।

৪. আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ও স্থায়ী ঠিকানা (ইংরেজী ও বাংলা), মোবাইল নম্বর ও ই-মেইল আইডি উল্লেখ করতে হবে।

৫. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

৬. O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate); প্রযোজ্য ক্ষেত্রে, দেশী বেসরকারি বিশ্ববিদ্যালয় / বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় / বিশ্ববিদ্যালয় মঞ্জুরী

কমিশন / উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৭. স্বায়ত্তশাসিত / প্রকল্প / কোম্পানীতে কর্মরত আগ্রহী প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল অনুমতিপত্র প্রদর্শনপূর্বক এক কপি ছায়ালিপি জমা দিতে হবে।

৮. আবেদনপত্র অবশ্যই আগামী ২০/০১/২০২০ তারিখ অফিস চলাকালিন সময়ের মধ্যে (বিকাল ৫:০০ ঘটিকা) "ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)", ঢাকা বাস র‌্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি), বাসা # ০৪, সড়ক # ২১, সেক্টর # ০৪, উত্তরা, ঢাকা-১২৩০ বরাবরে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।

৯. আবেদনকৃত প্রার্থীগণের মধ্য হতে বাছাইকৃত ও যোগ্য প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো টিএ / ডিএ প্রদান করা হবে না।

১১. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে অবশ্যই যথোপযুক্ত নির্ধারিত চিকিৎসক / চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১২. মৌখিক পরীক্ষার সময় অবশ্যই শিক্ষা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সনদের সকল মূল কপি প্রদর্শন করতে হবে।

১৩. তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা পুরো নিয়োগ প্রক্রিয়া বাতিল বা সাময়িক ভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কোনো বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

(চন্দন কুমার বসাক)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড